
**"মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, স্কুল ও কলেজ) শিক্ষার্থীদের অনলাইন/ টিভি ক্লাসে অংশগ্রহণ সম্পর্কিত সার্ভের তথ্য EMIS সফটওয়্যারে প্রদানের জন্য প্রতিষ্ঠান প্রধানগণের জন্য নির্দেশিকা"**

প্রতিষ্ঠান প্রধানগণকে অনলাইনে EMIS সফটওয়্যারে (www.emis.gov.bd) প্রতিষ্ঠানের ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করে ডাটা কালেকশন মডিউল (DCM) এর **"শিক্ষার্থীদের অনলাইন/ টিভি ক্লাসে অংশগ্রহণ সম্পর্কিত তথ্য"** মেনুতে প্রবেশ করে সার্ভের তথ্য পূরণ করতে হবে।





চিত্র ১: EMIS Homepage

EMIS সফটওয়্যারে লগ-ইন করার জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করে "Sign In" বাটনে ক্লিক করে লগ-ইন করতে হবে।





চিত্র ২: Login window

ইএমআইএস সফটওয়্যারের ভাষা হিসেবে বাংলা/ ইংরেজি ব্যবহার করা যায়। নিচের চিত্রানুযায়ী ভাষা পরিবর্তন করা যায়।





চিত্র ৩: সফটওয়্যারের ভাষা / Language পরিবর্তনের উপায়

সঠিক ভাবে লগ-ইন সম্পন্ন হলে ডাটা কালেকশন মডিউল “DCM” এ প্রবেশের মেনুতে ক্লিক করুন।




চিত্র ৪: মডিউলসমূহের আইকন


“DCM” মডিউলে প্রবেশ করলে চিত্র ৫ এর মত “DCM” মডিউলের মেনুসমূহ প্রদর্শিত হবে।




চিত্র ৫: “DCM” মডিউলের বিভিন্ন মেনু

“**শিক্ষার্থীদের অনলাইন/ টিভি ক্লাসে অংশগ্রহণ সম্পর্কিত তথ্য**” মেনুতে ক্লিক করলে তথ্য প্রদানের সার্ভে ফরমটি পাওয়া যাবে (চিত্র ৬)।

**শিক্ষার্থীদের অনলাইন/ টিভি ক্লাসে অংশগ্রহণ সম্পর্কিত তথ্য** প্রদানের সার্ভে ফরমটি নিম্নরূপ (বাংলা ভার্সন):




চিত্র ৬: শিক্ষার্থীদের অনলাইন/ টিভি ক্লাসে অংশগ্রহণ সম্পর্কিত তথ্য প্রদানের সার্ভে ফরম

**সার্ভে ফরম পূরণ:** সার্ভে ফরমটি তে ২ টি অংশ রয়েছে:

**ক) প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:** এই অংশে প্রতিষ্ঠান সম্পর্কিত নিম্নলিখিত তথ্য প্রদান করতে হবে:

ইন্টারনেট আছে কি না?: হ্যাঁ / না
সৌর বিদ্যুৎ আছে কি না?: হ্যাঁ / না
কম্পিউটার/ ল্যাপটপ সংখ্যা: (০-১০০০)
মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা: (০-৫০০)

বিদ্যুৎ আছে কি না?: হ্যাঁ / না
প্রতিষ্ঠান নিজ উদ্যোগে অনলাইন ক্লাশ পরিচালনা করে কি না? : হ্যাঁ / না
কম্পিউটার ল্যাব সংখ্যা: (০-১০০)
প্রতিষ্ঠান সংলগ্ন এলাকায় সংসদ টিভির সম্প্রচার দেখা যায় কি না? : হ্যাঁ / না

**খ) শিক্ষার্থীদের অনলাইন/ টিভি ক্লাসে অংশগ্রহণ সম্পর্কিত তথ্য:**


বিভিন্ন কারণে কতজন শিক্ষার্থী অনলাইন/টিভি ক্লাসে অংশগ্রহন করতে পারে না ক্লাশভিত্তিক সেই সংখ্যা নিচের টেবিলে পূরণ করতে হবে।

| শ্রেণি | প্রতিষ্ঠানে মোট ছাত্র | প্রতিষ্ঠানে মোট ছাত্রী | শিক্ষার্থীর মোট সংখ্যা | অনলাইন/টিভি ক্লাসে অংশগ্রহণকারী শিক্ষার্থী | অনলাইন /টিভি ক্লাসে অংশগ্রহণ করতে না পারা শিক্ষার্থী | যেসব কারণে শিক্ষার্থী অনলাইন/টিভি ক্লাসে অংশগ্রহণ করতে পারে না | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | টিভি নাই | টিভি আছে কিন্তু কেবল সংযোগ নাই | সংসদ টিভির সম্প্রচার দেখা যায় না | ডিজিটাল ডিভাইস নেই (ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব, স্মার্ট মোবাইল) | ইন্টারনেট সংযোগ নেই | বিদ্যুৎ সংযোগ নেই | আর্থিক অসচ্ছলতা | অভিভবকের অজ্ঞতা / উদাসীনতা | শিক্ষার্থী বিশেষ চাহিদাসম্পন্ন হওয়ার কারনে | অনলাইন ক্লাশের প্রতি শিক্ষার্থীদের অনীহা | অন্য অন্য কোন কারণে |
| ষষ্ঠ | | | | | | | | | | | | | | | | | |
| সপ্তম | | | | | | | | | | | | | | | | | |
| অষ্টম | | | | | | | | | | | | | | | | | |
| নবম | | | | | | | | | | | | | | | | | |
| দশম | | | | | | | | | | | | | | | | | |
| **মোট** | | | | | | | | | | | | | | | | | |

**অনলাইন ক্লাসের সংজ্ঞা:** নিজ প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অনলাইন ক্লাশ, অন্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অনলাইন ক্লাশ, জেলা / উপজেলা প্রশাসন কর্তৃক প্রচারিত অনলাইন ক্লাশ এবং ইউটিউব /ফেসবুক/ বিভিন্ন অনলাইন মাধ্যমে প্রদত্ত অনলাইন ক্লাশ, যেমনঃ কিশোর বাতায়ন, মুক্তপাঠ ইত্যাদি।

# ফরম পূরণ:

গ্রিডের সেল গুলোতে ক্লিক করে তথ্য প্রদান করা যাবে, অথবা শ্রেণীর উপর ক্লিক করলে যে ফরম আসবে সেখানে ও সংশ্লিষ্ট শ্রেণীর তথ্য প্রদান করা যাবে।




চিত্র ৭: শিক্ষার্থীদের অনলাইন/ টিভি ক্লাসে অংশগ্রহণ সম্পর্কিত তথ্য প্রদানের সার্ভে ফরম “সাবমিট” করা

সকল তথ্য প্রদান শেষে “সাবমিট”বাটনে ক্লিক করে তথ্য জমাদান প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। তথ্য জমাদানের সময়সীমার মধ্যে জমাকৃত তথ্য পূনরায় সংশোধন করে “Submit” বাটনে ক্লিক করে হালনাগাদ করা যাবে।

**বি: দ্র:**

১। **সফটওয়্যারে প্রবেশের লিঙ্ক:**

EMIS সফটওয়্যারে প্রবেশের প্রাথমিক লিংক: www.emis.gov.bd

EMIS সফটওয়্যারে প্রবেশের বিকল্প লিংক: http://118.67.223.30/emis

২। **ইউজার আইডি ও পাসওয়ার্ড:**

প্রতিষ্ঠানের ইউজার আইডির হচ্ছে EIIN. কোন প্রতিষ্ঠানের EIIN যদি হয় 123456 তাহলে ইউজার আইডি হবে 123456

বর্তমান EMIS সফটওয়্যার মার্চ ২০২০ সালে চালু করার সময় সকল প্রতিষ্ঠানের জন্য ডিফল্ট পাসওয়ার্ড প্রদান করা হয়েছিল। যারা সেই পাসওয়ার্ড পরিবর্তন করেননি তারা সেই পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করবেন এবং পাসওয়ার্ডটি পরিবর্তন করে নিবেন। আর যারা পাসওয়ার্ড পরিবর্তন করেছিলেন তারা পরিবর্তিত পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করবেন।

ইউজার আইডি ও পাসওয়ার্ড ঘটিত সমস্যায় **আঞ্চলিক প্রোগ্রামার / জেলার সহকারী প্রোগ্রামারগনের** সাথে যোগাযোগ করুন।

**ইউজার আইডি:** সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN

**ডিফল্ট পাসওয়ার্ড:** 26031971 অথবা 12345678

ডাটা কালেকশন মডিউল (DCM) এ "শিক্ষার্থীদের অনলাইন/ টিভি ক্লাসে অংশগ্রহণ সম্পর্কিত তথ্য" প্রদান করার জন্য উপরের নির্দেশাবলী অনুসরণ করতে হবে। এ সংক্রান্ত বিষয়ে কোন পরামর্শের প্রয়োজন হলে প্রয়োজনে সংশ্লিষ্ট উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা কর্মকর্তা ও আঞ্চলিক উপ-পরিচালক (স্কুল) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

কারিগরি সমস্যার ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক প্রোগ্রামার / জেলার সহকারী প্রোগ্রামারগনের সাথে যোগাযোগ করুন। যে কোনো কারিগরি সমস্যা হলে সমস্যার বিস্তারিত বিবরণ লিখে (প্রতিষ্ঠানের নাম, EIIN, Mobile সহ) info.emis.dshe@gmail.com -এই ঠিকানায় ই-মেইল করুন। এছাড়াও ইএমআইএস সেলের ফেসবুক পেইজে (www.facebook.com/emis.dshe) এ সংক্রান্ত সহায়তা পাওয়া যাবে।